গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩ শাখা)
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০০০.০১৩.০১.০০৬০.২৪

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, জনাব পিংকু রায় (জন্ম তারিখ-০৪.০৫.১৯৮৫), সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কাস্টম হাউস, ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এর সি-শিফটে ট্রানজিট ও মূল্যবান গুদামে `গুদাম কর্মকর্তা' হিসেবে দায়িত্বে থাকাকালীন জনৈক যাত্রীর গোল্ড বার আত্মসাৎ করার দায়ে অভিযুক্ত হয়ে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর অভিযোগে বিভাগীয় মামলার সিদ্ধান্তে কাস্টমস হাউস, ঢাকা এর ২৫/০২/২০২৪ খ্রিঃ তারিখে ২-১৫(২)জনপ্রশাঃ/০১/২০২৪/২২৬ নং অফিস আদেশ এর মাধ্যমে সাময়িক বরখাস্ত হয়; এবং

২। যেহেতু, জনাব পিংকু রায় (জন্ম তারিখ: ০৪/০৫/১৯৮৫ খ্রিঃ)-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে তাঁকে কারণ দর্শানো হয় এবং তৎপ্রেক্ষিতে তিনি লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক উল্লেখ করেন; এবং

৩। যেহেতু, জনাব পিংকু রায় (জন্ম তারিখ: ০৪/০৫/১৯৮৫ খ্রিঃ), এর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানী অন্তে অভিযোগের বিষয়ে তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধ ৭(২)(ঘ) এর আলোকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব পিংকু রায় (জন্ম তারিখ: ০৪/০৫/১৯৮৫ খ্রিঃ), এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) অনুযায়ী কেন তাঁকে চাকরি হতে বরখাস্তকরণ বা অন্য যথোপযুক্ত গুরুদন্ড প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং তিনি জবাব দাখিল করে পুনরায় ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

৫। যেহেতু, জনাব পিংকু রায় (জন্ম তারিখ: ০৪/০৫/১৯৮৫ খ্রিঃ) এর অভিযোগের বিষয়ে সংস্থাপন বিভাগ (জনপ্রশাসন মন্ত্রণালয়) এর ঢাকা, ২৭ অক্টোবর ১৯৭৯ এস.আর. ও নং ৩০৮-এল/৭৯/ইডি/আরভি-৮/৭৭-৫৪-বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়; এবং

৬। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব পিংকু রায় (জন্ম তারিখ: ০৪/০৫/১৯৮৫ খ্রিঃ), সহকারী রাজস্ব কর্মকর্তা এর বর্ণিত অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী সর্বোচ্চ দন্ড আরোপ করার পরামর্শ প্রদান করেন।

৭। সেহেতু, জনাব পিংকু রায় (জন্ম তারিখ: ০৪/০৫/১৯৮৫ খ্রিঃ), সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কাস্টমস হাউস, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড প্রদান করা হলো।

স্বাঃ-

(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০০০.০১৩.০১.০০৬০.২৪ ।২৬১(৪)  তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা।

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। জনাব পিংকু রায় (জন্ম তারিখ: ০৪/০৫/১৯৮৫ খ্রিঃ), সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কাস্টমস হাউস, ঢাকা।

৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Raihan 28/07/2025

(মোঃ রায়হান মেহেবুব)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩)